

মুজিব বর্ষের আহ্বান  
দক্ষ হয়ে বিদেশ যান



প্রশিক্ষণ নেব, দক্ষ হব  
নিয়ম মেনে বিদেশ যাব

বিদেশ যাব  
বৈধ পথে,  
চাকরি করব  
নিরাপদে



- ◆ সরাসরি সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্সির মাধ্যমে বিদেশ যাবেন।
- ◆ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতে (বিএমইটি) অথবা নিকটস্থ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে এসে চাকুরী এবং কাজের জায়গার নিরাপত্তা সম্পর্কে নিশ্চিত হবেন।
- ◆ টাকা-পয়সার সব লেনদেন বৈধ রসিদের মাধ্যমে করবেন।
- ◆ যাবার আগে পাসপোর্ট, ভিসা, চুক্তিপত্র, ওয়ার্ক পারমিট ও বিএমইটি'র ছাড়পত্র ভালোভাবে যাচাই করবেন।
- ◆ চুক্তিপত্র স্বাক্ষরের আগে চাকুরীর ধরণ, বেতন-ভাতা, চাকুরীর মেয়াদকাল ইত্যাদি যাচাই করবেন।
- ◆ কাজের প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট দেশের ভাষা সম্পর্কে জেনে যাবেন।
- ◆ বিদেশ থেকে বৈধভাবে ব্যাংকের মাধ্যমে টাকা পাঠাবেন।
- ◆ বিদেশ গমনের পূর্বে সকল কাগজপত্রের ১ সেট ফটোকপি নিজের কাছে এবং ১ সেট পরিবারের কাছে রেখে যাবেন।
- ◆ মনে রাখবেন, ফ্রি ভিসা বলতে কোন ভিসা নেই।
- ◆ বিদেশে চাকুরীর জন্য ওয়েবসাইট [www.bdesb.bdjobs.com](http://www.bdesb.bdjobs.com)

মানব পাচার  
ঘৃণ্য অপরাধ,  
মানব পাচার প্রতিরোধে  
সবাই এগিয়ে  
আসুন

## প্রবাসীদের কল্যাণ কার্যক্রম:

- ১। প্রবাসী কর্মীর দেশে অধ্যয়নরত মেধাবী সন্তানদের জন্য পিএসসি, জেএসসি, এসএসসি এবং এইচএসসি ক্যাটাগরিতে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। পিএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী বৃত্তির জন্য মনোনীত হলে ৬ষ্ঠ-৮ম শ্রেণি ৩ বছর মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে; জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে ৯ম-১০ম শ্রেণি ২ বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে; এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে একাদশ ও দ্বাদশ/সমমান শ্রেণি পর্যন্ত ২ বছর মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে স্নাতক/সমমান শ্রেণি পর্যন্ত ৪ বছর মাসিক ২৫০০/- (দুই হাজার পাঁচ শত) টাকা হারে বৃত্তি প্রদান করা হয়।
  - ২। একাদশ শ্রেণিতে ভর্তি ক্ষেত্রে ০.৫% কোটা প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত করা হয়েছে।
  - ৩। বিদেশগামী কর্মীদের নিরাপদে বিদেশ গমন এবং প্রত্যাবর্তনকালে দেশের ৩টি আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত প্রবাসী কল্যাণ ডেস্ক এর মাধ্যমে সার্বক্ষণিক সহায়তা প্রদান করা হচ্ছে।
  - ৪। বিদেশগামী বাংলাদেশী কর্মীদের যাবতীয় সেবা একই স্থান হতে প্রদানের লক্ষ্যে ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান পার্গেন, রমনা, ঢাকায় প্রবাসী কল্যাণ ভবনে "ওয়ান স্টপ সার্ভিস" চালু করা হয়েছে।
  - ৫। বিদেশগামীদের গন্তব্য দেশের আবহাওয়া, ভাষা, আইন-কানুন, রীতিনীতিসহ ইত্যাদি বিষয়ে সতর্কতামূলক ৩ দিনের প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান করা হচ্ছে।
  - ৬। বিদেশে আটক কর্মীদের মুক্তকরণ/আইনগত সহায়তা প্রদান করা হয়।
  - ৭। পঙ্গু ও অসুস্থ কর্মীদের সরকারি অর্থায়নে দেশে ফেরত আনয়ন এবং চিকিৎসা সহায়তা প্রদান করা হয়।
  - ৮। প্রবাসে মৃত কর্মীর লাশ তার পরিবারের মতামত সাপেক্ষে দেশে আনয়ন করা হয়।
  - ৯। লাশ পরিবহন ও দাফন বাবদ বিমানবন্দর হতে লাশ গ্রহণের সময় মৃতের প্রত্যেক পরিবারকে আর্থিক অনুদান হিসেবে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার চেক প্রদান এবং এ্যাযুলেপ সেবা প্রদান করা হয়।
  - ১০। বিদেশে বৈধভাবে গমনকারী মৃত কর্মীর প্রত্যেক পরিবারকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়।
  - ১১। প্রবাসে মৃত কর্মীর নিয়োগকর্তা/অন্য কোন সংস্থা/ব্যক্তি/প্রতিষ্ঠান হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট মৃতের ওয়ারিশদের অনুকূলে যথাযথভাবে বিতরণ করা হয়।
  - ১২। [ovijobmet.org](http://ovijobmet.org) ওয়েব সাইটের মাধ্যমে অনলাইন অভিযোগ দাখিলের সুযোগ
  - ১৩। বিএমইটিতে প্রবাসী নারী কর্মীদের অভিযোগ ব্যবস্থাপনা সেল গঠন করা হয়েছে।
- যোগাযোগঃ ফোন +৮৮-০২-৮৩০০৩২০, মোবাইলঃ +৮৮-০১৭৭৫-৮৪৮৪০৭, ই-মেইলঃ [bmetmonitoringcell@gmail.com](mailto:bmetmonitoringcell@gmail.com)
- ১৪। অনলাইন ভিসা যাচাই করা হয়।
  - ১৫। প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের এনওসি সেবা প্রদান করা হয়।
  - ১৬। প্রবাসবন্ধ কল সেন্টার, প্রবাসে অবস্থানকালে আপনার যে কোন প্রয়োজনে সরাসরি কথা বলতে ডায়াল করুন।  
+৮৮-০২-৯৩৩৪৮৮৮, +৮৮-০১৭৮৪-৩৩৩-৩৩৩, +৮৮-০১৭৯৪-৩৩৩-৩৩৩
  - ১৭। প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে বিদেশ গমনেচ্ছু বাংলাদেশি কর্মীদের মাত্র ৯% সুদে ঋণ সহায়তা প্রদান এবং বিদেশ ফেরতদের মাত্র ৪% সুদে ঋণ প্রদান

### সরকার নির্ধারিত সর্বোচ্চ সার্ভিস চার্জ ও অভিভাসন ব্যয়

১। সৌদি আরব	: ১,৬৫,০০০/-	৯। ইরাক	: ১,২৯,৫৪০/-
২। সিঙ্গাপুর	: ২,৬২,২৭০/-	১০। কাতার	: ১,০২,৭৮০/-
৩। মালয়েশিয়া	: কারখানা শ্রমিকের জন্য ১,৬০,০০০/-, কৃষি শ্রমিকের জন্য ১,৪০,০০০/-	১১। জর্ডান	: ১,০২,৭৮০/-
৪। লিবিয়া	: ১,৪৫,৭৮০/-	১২। মিশর	: ১,২০,০৮০/-
৫। বাহরাইন	: ৯৭,৭৮০/-	১৩। রাশিয়া	: ১,৬৬,৬৪০/-
৬। সংযুক্ত আরব আমিরাত	: ১,০৭,৭৮০/-	১৪। মালদ্বীপ	: ১,১৫,৭৮০/-
৭। কুয়েত	: ১,০৬,৭৮০/-	১৫। ক্রনাই দারুস সালাম	: ১,২০,৭৮০/-
৮। সালতানাত অব ওমান	: ১,০০,৭৮০/-	১৬। সেবানন	: ১,১৭,৭৮০/-



জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুমিল্লা  
২৫, বাগিচাগাঁও, চান্দলা হাউজ, কুমিল্লা। ফোন: ০৮১-৬৫৪৮৭

Web: [www.bmet.comilla.gov.bd](http://www.bmet.comilla.gov.bd)

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

Web: [www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

f Demo Cumilla Bmet

f District Employment and Manpower Office, Comilla